বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৩.২১- ৭৬২৭ তারিখ: ১৮/০৫/২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি - ১

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

### গ্রুপ-১

### ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (প্রশাসন)-৩/ সহকারী পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)-১/ সহকারী পরিচালক, চেয়ারম্যানের একান্ত সচিব-১/ সহকারী পরিচালক, জনসংযোগ-১/ সহকারী পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা-১)/সহকারী পরিচালক (শৃংখলা)-১<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>গ্রেড-৬ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ৮ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রি; অথবা<br>০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নবম বা তদূর্ধ্ব গ্রেডে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২. | সহকারী পরিচালক (আইন)<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>গ্রেড-৬ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ১ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>আইন বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান); এবং<br>খ) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইন বিষয়ে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) বাংলাদেশ বার কাউন্সিলের সনদ থাকিতে হইবে। |
| ৩. | প্রকিউরমেন্ট অফিসার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। অথবা<br>যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |
| ৪. | অর্থনীতিবিদ-১/এয়ার ট্রান্সপোর্টেশন অফিসার (অর্থনীতি)-১<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতিতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>অর্থনীতিতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>অর্থনীতিতে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ৫. | ফ্লাইট অপারেশন ইন্সপেক্টর<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) Commercial Pilot License (CPL)/Airline Transport Pilot License (ATPL) ধারী; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, গণিত বা ফলিত গণিত বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৬. | ইন্সট্রাক্টর (নিরাপত্তা)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬"), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫") এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার, সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২"), উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার, সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার, এবং<br>(ঘ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৭. | ইন্সপেক্টর (অপস)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৮. | সহকারী স্থপতি<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্যবিদ্যায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনে কোনো তৃতীয় শ্রেণি, বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৯. | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৬ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বা সিভিল এন্ড এনভাইরনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; অথবা<br>ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ সেকশন 'এ' এবং 'বি' পাশ; এবং<br>(খ) শিক্ষা জীবনে কোনো তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য নয়। |
| ১০. | সহকারী প্রকৌশলী (ই/এম)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স প্রকৌশল বা যন্ত্র প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; অথবা<br>ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স প্রকৌশল বা যন্ত্র প্রকৌশল এ সেকশন 'এ' এবং 'বি' পাশ; এবং<br>(খ) শিক্ষা জীবনে কোনো তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য নয়। |

## খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১১. | ডাটা এন্ট্রি অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ১২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সবনিম্ন ২০ শব্দ। | |
| ১৩. | পাম্প চালক ও পাম্প মিস্ত্রী<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৮ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি বা অটোমোটিভ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) পাম্প চালনায় অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১৪. | ট্রলীম্যান<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে,এস,সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, নড়াইল, বরিশাল, ভোলা ও ঝালকাঠি জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |

## গ্রুপ-২

## ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | মেডিক্যাল অফিসার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি; এবং<br>(খ) বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ২. | ইন্সপেক্টর-২/ইন্সপেক্টর (এইএলডি)-২<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (এ্যারোস্পেস/এভিয়নিক্স), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; অথবা<br>এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (এ্যারোস্পেস/ এভিয়নিক্স), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান) ডিগ্রি। |
| ৩. | এয়ারওয়ার্দিনেস ইন্সপেক্টর (এরোস্পেস)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (এ্যারোস্পেস) বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ৪. | এয়ারওয়ার্দিনেস ইন্সপেক্টর (এভিয়নিক্স)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (এভিয়নিক্স) বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ৫. | এরোড্রাম সহকারী<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১২৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিজ্ঞান বা গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>পদার্থবিজ্ঞান বা গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪(চার) বৎসর মেয়াদী স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৬. | সহকারী যোগাযোগ কর্মকর্তা (ফোন)<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা থাকিতে হইবে। |
| ৭. | এয়ারপোর্ট ফায়ার লীডার<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

## খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৮. | তার কারিগর (ওয়ারম্যান)<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস বা ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০২(দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড হইতে "বি" ও "সি" ক্যাটাগরির পারমিটধারী। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৯. | লাউঞ্জ রুম পরিচালক<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, নড়াইল, বরিশাল, ভোলা ও ঝালকাঠি জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ১০. | মোটর পরিবহন ক্লিনার<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি, মেশিন টুলস অপারেশন বা জেনারেল মেকানিকস ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। | |

# গ্রুপ-৩

## ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | প্রোগ্রামার<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>গ্রেড-৬ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪(চার) বৎসরের চাকুরি। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২. | সিনিয়র অফিসার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রি। অথবা ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |
| ৩. | ফিজিক্যাল ট্রেইনার/শরীরচর্চা প্রশিক্ষক<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীরচর্চা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| ৪. | সহকারী নিরাপত্তা কর্মকর্তা<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |

## খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৫. | সহকারী শরীরচর্চা প্রশিক্ষক<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীরচর্চা বিষয়ে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৬. | সার্ভেয়ার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোনো ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সার্ভে কোর্স উত্তীর্ণ। | |
| ৭. | মুয়াজ্জিন<br>টাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুললিত কণ্ঠে আযান দানে পারদর্শী। | |
| ৮. | অফিস সহায়ক<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৭৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, নড়াইল, বরিশাল, ভোলা ও ঝালকাঠি জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৯. | বেলদার<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১০. | মালী<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মালীর কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১১. | পরিচ্ছন্নতা কর্মী<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(৮০% পদ জাত হরিজনদের জন্য সংরক্ষিত থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে) | |

## গ্রুপ-৪

### ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সিনিয়র সিস্টেমস এনালিস্ট<br>টাঃ ৫০,০০০-৭১,২০০/-<br>গ্রেড-৪ | অনূর্ধ্ব ৪৫ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/অপারেশন ম্যানেজার হিসাবে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরি; এবং<br>(গ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ২. | এএনএস ইন্সপেক্টর (এটিএম)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা বা জিওইনফরমেটিক্স বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা বা জিওইনফরমেটিক্স বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা বা জিওইনফরমেটিক্স বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩. | সহকারী প্রোগ্রামার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি; |
| ৪. | নিরাপত্তা কর্মকর্তা<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>০৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৫. | রেডিও টেকনিশিয়ান<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৭ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা বা ফলিত পদার্থবিদ্যা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |

### খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৬. | ফোরম্যান (সিভিল)<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স বা ড্রাফটিং সিভিল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২(দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৭. | সহকারী রেডিও টেকনিশিয়ান-৫/ টেলিপ্রিন্টার মেকানিক-২<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৭ | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের ডিগ্রি। | |
| ৮. | মাস্টলস্কর<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ২৫০ ফুট উচ্চ মাস্তুলে উঠার যোগ্যতা। | |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৯. | জুনিয়র নিরাপত্তা অপারেটর টাঃ ৯,০০০-২১,৮০০/- গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার; (গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং (ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |

০১. নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

**(ক) অত্র নিয়োগ বিজ্ঞপ্তির ০৪টি গ্রুপ (গ্রুপ-১, গ্রুপ-২, গ্রুপ-৩ এবং গ্রুপ-৪) রয়েছে। একই গ্রুপের সকল পদের পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় যেকোন গ্রুপের একটি ক্রমিকের (যেমন গ্রুপ-১ এর ক্রমিক ১ হতে ১৪ পর্যন্ত যেকোন একটি, গ্রুপ-২ এর ক্রমিক ১ হতে ১০ পর্যন্ত যেকোন একটি, গ্রুপ-৩ এর ক্রমিক ১ হতে ১১ পর্যন্ত যেকোন একটি এবং গ্রুপ-৪ এর ক্রমিক ১ হতে ৯ পর্যন্ত যেকোন একটি) বেশি পদে আবেদন করার সুযোগ নেই।**

(খ) নিয়োগ বিজ্ঞপ্তিটি www.caab.gov.bd এবং http://caab.teletalk.com.bd -তে পাওয়া যাবে।

(গ) ০১/০৪/২০২১ তারিখে প্রার্থীর বয়স বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(চ) পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন ।

(ছ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার অর্জিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(জ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(ঝ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://caab.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩/০৫/২০২১ খ্রিঃ সকাল- ১০:০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৬/২০২১ খ্রিঃ বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে গ্রেড-৪ হতে গ্রেড-১০ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬০/-(ষাট) টাকাসহ মোট ৫৬০/-(পাঁচশত ষাট) টাকা এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৪/- (চব্বিশ) টাকাসহ মোট ২২৪/- (দুইশত চব্বিশ) টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না "।**

প্রথম SMS: CAAB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* CAAB *ABCDEF*

Reply: Applicant's name, TK. 224/560 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type CAAB <space>YES<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: CAAB<space>YES<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
*Example:* CAAB *YES xxxxxxxx*

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for CAAB. Application for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://caab.teletalk.com.bd অথবা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: CAAB<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
   *Example:* CAAB *HELP USER ABCDEF*
ii. PIN Number জানা থাকলে: CAAB<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।
   *Example:* CAAB *HELP PIN ********

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd এ-মেইলে যোগাযোগ করা যাবে।

৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/নবম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Applicant's copy)।

৪. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৬. কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৭. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোনো "আইনি" বা "মানবিক অধিকার" অর্জন করবেন না।

৮. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৯. কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০. নিয়োগকৃতদের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো দপ্তর/বিভাগ/ইউনিট/বিমানবন্দরে পদায়ন করা হবে।

১১. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৪/৫/২০২৩

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
ফোন: ০২-৮৯০১৪১২